24 DEC 1990

তারিখ ... 24 DEC 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

দৈনিক ইত্তেফাক

12

29

# লিটন হত্যা ॥ সাত সদস্যের বিশ্ববিদ্যালয় তদন্ত কমিটি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

লিটন হত্যাকাণ্ড তদন্তের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৭ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করিয়াছেন। গতকাল (মঙ্গলবার) ভিসি প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক জরুরী সভায় এই কমিটি গঠন করা হয়। সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরীকে এই কমিটির

(৭ম পৃঃ দ্রঃ)

## লিটন হত্যা

(১ম পৃঃ পর)

আহ্বায়ক করা হইয়াছে। কমিটিকে ১৫ই ফেব্রুয়ারীর মধ্যে রিপোর্ট দাখিল করার জন্য বলা হইয়াছে। সভার এক সিদ্ধান্তে লিটনের মর্মান্তিক মৃত্যুতে শোক প্রকাশ করা হয় এবং মরহুমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়। সভায় লিটন হত্যাকাণ্ডে দোষী ব্যক্তিকে খুঁজিয়া বাহির করার জন্য পুনরায় সরকারের সহযোগিতা কামনা করা হয়।

এদিকে লিটন হত্যার প্রতিবাদে গতকাল ক্যাম্পাসে একাধিক শোকসভা ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। বিভিন্ন ছাত্র সংগঠন ও জোট আহূত পৃথক সভা ও মিছিলে অবিলম্বে লিটন হত্যার বিচার দাবী করা হয়। পূর্ব নির্ধারিত কর্মসূচীর আওতায় ছাত্রলীগ (হা-অ) গতকাল অপরাজেয় বাংলার পাদদেশ হইতে শোক মিছিল বাহির করে। মিছিলটি টি,এস,সি, হাইকোর্ট হইয়া জাতীয় প্রেসক্লাবের সম্মুখে এক শোকসভার আয়োজন করে। ডাকসুর ভিপি সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ ও সংগঠনের সভাপতি হাবিবুর রহমান হাবিব সভায় বক্তৃতা করেন।

কলাভবনে বিক্ষোভ মিছিলশেষে ৯ ছাত্র সংগঠন বটতলায় পৃথক শোকসভার আয়োজন করে। নাজমুল হক প্রধান ও মোস্তফা ফারুক সভায় বক্তৃতা করেন।

অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রদল আয়োজিত ছাত্র সভায় বক্তারা লিটন হত্যাকাণ্ডের জন্য ছাত্রলীগের (হা-অ) সশস্ত্র একদল দুর্বৃত্তকে দায়ী করিয়াছেন।

বাবুল চৌধুরী, ফজলুল হক, মিলন, খায়রুল কবীর খোকন, এমদাদ খান প্রমুখ সভায় বক্তৃতা করেন। সভার আগে ও পরে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।